

# मूल श्रीमद्वाल्मीकीयरामायणम्

मूल श्रीमद्वाल्मीकीय रामायणम् ( बंगला )

---

त्वमेव माता च पिता त्वमेव  
त्वमेव बन्धुश्च सखा त्वमेव।  
त्वमेव विद्या द्रविणं त्वमेव  
त्वमेव सर्वं मम देवदेव ॥

---

गीताप्रेस, गोरक्षपुर

## প্রাক্-কথন

॥ ॐ শ্রীসীতা-রামচন্দ্রাভ্যাং নমঃ ॥

॥ ॐ শ্রীসারদা-রামকৃষ্ণাভ্যাং নমঃ ॥

ॐ প্রণম্যাদৌ পিতরং মে শিবপদংসমাখ্যাতম্।  
মাতরঞ্চ শিবদাসীং প্রণমামি মুহূর্মুহুঃ ॥  
আচার্যঞ্চ শশধরং শিক্ষাগুরন্থ যথোচিতান্।  
সাষ্টাঙ্গঞ্চ প্রণমামি দীক্ষাগুরুং বীরেশ্বরম্ ॥  
ॐ রামকৃষ্ণে রঘুপতিঃ সারদা পৃথিবীসুতা।  
পাদপদ্মে তয়োঃ শ্রিত্বা প্রণমামি মুহূর্মুহুঃ ॥  
প্রণমামি কবিগুরুং বাল্মীকিং তপসোজ্জ্বলম্।  
বীরভক্তং হনুমন্তং প্রণমামি মুহূর্মুহুঃ ॥

রামায়ণম্ অর্থ রামস্য অয়নম্ ; অয়নম্ অর্থ চলন বা গতি (ই+অনট্+সু [ক্লীব])। অতএব রামায়ণ অর্থ মৰ্ত্তে মনুষ্যরূপে জন্মগ্রহণ করে নরদেহ ত্যাগ পর্যন্ত শ্রীরামচন্দ্রের জীবনগতি। সশক্তিক পরব্রহ্ম নারায়ণ নরদেহ ধারণ করে এই নরজগতে যে সকল কর্ম সাধন করেছিলেন তারই কাহিনী রামায়ণ। যখন মানুষ স্ব-স্বরূপ-বিস্মৃতিহেতু পাপকর্মে লিপ্ত হয়ে অপরকে ক্লেশ দেয় এবং নিজেও ক্লেশ ভোগ করে, তখনই শ্রীভগবান্ নরদেহ ধারণ করে অসাধুর বিনাশ ও সাধুর রক্ষণকার্য করেন। তাই রামসরাজ রাবণের অত্যাচার থেকে পৃথিবীকে রক্ষাকার্যে সশক্তিক শ্রীনারায়ণের সীতারামরূপে মৰ্ত্তে আগমন।

সশক্তিক শ্রীরামচন্দ্র ভারতাত্মার মূর্ত প্রতীক, ধরিত্রীকন্যা ভারতজননী সীতা তাঁর শক্তি।

ভারতবর্ষের ইতিহাস আধ্যাত্মিকতার ইতিহাস। কিন্তু এই আধ্যাত্মিকতা জড়জগৎকে অস্বীকার করে না। তাই এখানে জ্ঞান ও ভক্তির সঙ্গে কর্মকেও পূর্ণ স্বীকৃতি দেওয়া হয়েছে। শ্রীরামচন্দ্রের মৰ্ত্ত্যজীবন এই জ্ঞান-ভক্তি-কর্মময় জীবন।